

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা- ১ শাখা)  
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.০১৫.২০১২- ২৪২০

তারিখ : ১৮ সেপ্টেম্বর ২০১৬

বিষয় : খাগড়াছড়ি জেলার নবসৃষ্ট গুইমারা এবং সিলেট জেলার নবসৃষ্ট ওসমানীনগর উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠান।

সূত্র-১ : স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.৪৮৪.২০১৫-১০৮৩; তারিখ : ০৬ সেপ্টেম্বর ২০১৫।

সূত্র-২ : স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.৪৮৪.২০১৫-২৩৯; তারিখ : ১৮ ফেব্রুয়ারি ২০১৬।

সূত্র-৩ : স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.৪৮৪.২০১৫-৮২৮; তারিখ : ২৪ মে ২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে খাগড়াছড়ি জেলার নবসৃষ্ট গুইমারা এবং সিলেট জেলার নবসৃষ্ট ওসমানীনগর উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠানের জন্য অনুরোধ করা হয়। কিন্তু নবসৃষ্ট উক্ত উপজেলা পরিষদে অদ্যাবধি নির্বাচন অনুষ্ঠিত হয়নি। উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ৩ ও ১৭ ধারায় নবসৃষ্ট উপজেলা পরিষদসমূহে নির্বাচনের বিষয়ে নিম্নরূপ উল্লেখ রয়েছে :

“৩। উপজেলা ঘোষণা (১) এতদ্বারা প্রথম তফসিলের তৃতীয় কলামে উল্লিখিত প্রত্যেক থানার এলাকাকে উক্ত কলামে উল্লিখিত নামের উপজেলা ঘোষণা করা হইল।

(২) এই আইন বলবৎ হইবার পর সরকার সরকারী গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে কোন নির্দিষ্ট এলাকা সমন্বয়ে নতুন উপজেলা ঘোষণা করিতে পারিবে।

১৭। নির্বাচন অনুষ্ঠানের সময়।- নিম্নবর্ণিত সময়ে [চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান] মহিলা সদস্যগণের নির্বাচন অনুষ্ঠিত হইবে, যথা-

(ক) প্রথম তফসিলভুক্ত উপজেলাসমূহের ক্ষেত্রে, এই আইন বলবৎ হওয়ার পর তিনশত ত্রিশ দিনের মধ্যেঃ তবে শর্ত থাকে যে, কোন দৈবদুর্বিপাকজনিত বা অন্যবিধ অনিবার্য কারণে উক্ত সময়সীমার মধ্যে প্রথম তফসিলভুক্ত কোন বিশেষ বা সকল উপজেলার ক্ষেত্রে, নির্বাচন অনুষ্ঠান সম্ভব না হইলে নির্বাচন কমিশন সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উক্ত সময়সীমার পরে নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে এক বা একাধিক তারিখ নির্ধারণ করিতে পারিবে;

(খ) ধারা ৩(২) এর অধীনে ঘোষিত নতুন উপজেলার ক্ষেত্রে, উক্তরূপ ঘোষণার একশত আশি দিনের মধ্যে;

(গ) পরিষদের মেয়াদ শেষ হওয়ার ক্ষেত্রে, উক্ত মেয়াদ শেষ হইবার তারিখের পূর্ববর্তী একশত আশি দিনের মধ্যে; এবং

(ঘ) পরিষদ ধারা ৫৩ এর অধীনে বাতিল হওয়ার ক্ষেত্রে, বাতিলাদেশ জারীর অনাধিক একশত বিশ দিনের মধ্যে।”

২। এমতাবস্থায়, খাগড়াছড়ি পার্বত্য জেলার নবসৃষ্ট গুইমারা এবং সিলেট জেলার নবসৃষ্ট ওসমানীনগর উপজেলা পরিষদে নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

J. Amin  
১৮/০৯/২০১৬

(ড. জুলিয়া মঈন)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৬২২৪৭

সচিব

নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।